



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং- ১৩/২০২৫

তারিখ: ২০ শ্রাবণ, ১৪৩২

৪ আগস্ট, ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ২৭ আগস্ট, ২০২৩ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৬ ও ২২ জানুয়ারি, ২০২৫ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আপনাদের জানানো যাচ্ছে যে, সুকুক ইস্যুর ক্ষেত্রে বিনিয়োগকারীদের মধ্যে সুকুক বরাদ্দের হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে :

ক্র. নং.	বিনিয়োগকারীদের ধরণ	বিনিয়োগকারীদের অনুকূলে সুকুক বরাদ্দের শতকরা হার
১.	শরীয়াহভিত্তিক ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি, বীমা কোম্পানি এবং কনভেনশনাল ব্যাংকসমূহের ইসলামিক ব্রাঞ্চ ও উইভোজ	ইস্যুতব্য সুকুকের ৮০%
২.	কনভেনশনাল ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি ও বীমা কোম্পানি	ইস্যুতব্য সুকুকের ০৫%
৩.	ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারী, প্রভিডেন্ট ফান্ড, ডিপোজিট ইন্স্যুরেন্স, ইনভেস্টমেন্ট কোম্পানি, কর্পোরেট প্রতিষ্ঠান, গ্র্যাচুইটি ফান্ড, মিউচুয়াল ফান্ড প্রভৃতি	ইস্যুতব্য সুকুকের ১৫%

২. বিনিয়োগকারীদের মধ্যে উল্লিখিত অনুপাতে সুকুক বরাদ্দের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে :

ক) ৩টি শ্রেণিতেই নির্ধারিত অনুপাতের চেয়ে বেশি বিড দাখিল হলে প্রত্যেক শ্রেণির বিড দাখিলকারীদের মধ্যে তাদের দাখিলকৃত বিডের সমানুপাতিক হারে সুকুক বরাদ্দ দেয়া; ও

খ) কোন শ্রেণিতে নির্ধারিত অনুপাতের চেয়ে কম বিড দাখিল হলে তাদের মধ্যে বিতরণের পর অবশিষ্ট সুকুক বেশি বিড দাখিলকারীদের মধ্যে (যদি থাকে) তাদের দাখিলকৃত বিডের সমানুপাতিক হারে বরাদ্দ দেয়া।

৩. এ প্রেক্ষিতে, এ বিভাগের ২৭ আগস্ট, ২০২৩ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৬ ও ২২ জানুয়ারি, ২০২৫ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৫ বাতিল করা হলো।

৪. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১

ইমেইল: istekmal.hussain@bb.org.bd